

ব্যাংকসমূহে স্কুল ব্যাংকিং কার্যক্রম এর জুন ৩০, ২০১৩ ভিত্তিক হালনাগাদ বিবরণী

স্কুল ছাত্র/ছাত্রীদেরকে ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে পরিচিত করা এবং সঞ্চয়ের মাধ্যমে কোমলমতি ছাত্র-ছাত্রীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে দেশের আর্থিক সেবাভুক্তি বৃদ্ধির লক্ষ্যে বিশেষ গুরুত্বের সাথে স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য নভেম্বর ০২, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে সকল তফসিলী ব্যাংককে পরামর্শ দেয়া হয়েছে। উক্ত সার্কুলারের প্রেক্ষিতে স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য ব্যাংকসমূহ ইতোমধ্যে ছাত্র/ছাত্রীদের জন্য আকর্ষণীয় মুনাফা সহ বিভিন্ন স্কীম চালু করেছে। নিম্নে ছকে ডিসেম্বর ৩১, ২০১২ এবং জুন ৩০, ২০১৩ ভিত্তিক ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের তথ্যাদি বিস্তারিত ভাবে উল্লেখ করা হলো :

ব্যাংকসমূহ	ডিসেম্বর ৩১, ২০১২ ভিত্তিক হিসাব সংখ্যা	জুন ৩০, ২০১৩ ভিত্তিক হিসাব সংখ্যা	হিসাব সংখ্যা হ্রাস/বৃদ্ধি	ডিসেম্বর ৩১, ২০১২ ভিত্তিক স্থিতি (কোটি টাকায়)	জুন ৩০, ২০১৩ ভিত্তিক স্থিতি (কোটি টাকায়)	স্থিতি (কোটি টাকায়) হ্রাস/বৃদ্ধি	মন্তব্য
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক(০৪টি)	১,৯৬১	৪,২৭০	২,৩০৯	০.১৯	১.৪৭	১.২৮	---
বিশেষায়িত ব্যাংক (০৪টি)	১,৭৮১	৪,২৭৯	২,৪৯৮	০.৫	১.০৫	০.৫৫	---
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৩০টি)	১২৮,৪১৭	২১৫,৫৯৭	৮৭,১৮০	৯৪.৯১	১২৪.৩৩	২৯.৪২	---
বিদেশী ব্যাংক(০৯টি)	৩৭৪	৫৭৩	১৯৯	১.১৮	১.৬২	০.৪৪	---
২০১৩ সালে তফসিলভুক্ত ব্যাংক (০৯টি)	-	-	-	-	-	-	স্কুল ব্যাংকিং এখনও শুরু হয়নি
সর্বমোট(৫৬টি ব্যাংক)	১,৩২,৫৩৭	২,২৪,৭১৯	৯২,১৮৬	৯৬.৫১	১২৮.৪৭	৩২.০০	

উল্লেখ্য, স্কুল ব্যাংকিং এর আওতায় ডিসেম্বর ৩১, ২০১২ তারিখে ৪৫টি ব্যাংকে রক্ষিত মোট হিসাবের সংখ্যা ছিল ১.৩৩ লক্ষ এবং হিসাবের বিপরীতে মোট স্থিতি ছিল টাকা ৯৬.৫১ কোটি (ছিয়ানব্বই কোটি একান্ন লক্ষ টাকা)। অন্যদিকে, জুন ৩০, ২০১৩ তারিখে তারিখে ৪৬টি ব্যাংকে মোট হিসাবের বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ২,২৪,৭১৯ টি এবং এর বিপরীতে মোট স্থিতি ৩২.০০ কোটি টাকা বৃদ্ধি পেয়ে ১২৮.৪৭ কোটি (একশ আটাশ কোটি সাতচল্লিশ লক্ষ টাকা) টাকায় দাঁড়িয়েছে। উল্লেখ করা যেতে পারে যে, জুন ৩০, ২০১৩ অনুযায়ী ব্যাংকসমূহে স্কুল ব্যাংকিং এর বিভিন্ন স্কীমের আওতায় প্রতি হিসাবের বিপরীতে গড় স্থিতি প্রায় টাকা ৫৭১৬.৯২/-।
